দৈনিক সংবাদ

তারিখ ... 13 MAY 1994 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

শিক্ষক নেতৃবৃন্দের প্রতিক্রিয়া

# সংসদে শিক্ষামন্ত্রীর বক্তব্য বিভ্রান্তি সৃষ্টির অপকৌশল

শিক্ষকদের চাকরি জাতীয়করণে সরকারের ১৫শ' কোটি টাকা ব্যয় হবে বলে শিক্ষামন্ত্রী জাতীয় সংসদে গত মঙ্গলবার যে বক্তব্য প্রদান করেছেন তা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও জনমনে বিভ্রান্তি সৃষ্টির অপকৌশল বলে শিক্ষক নেতৃবৃন্দ উল্লেখ করেছেন।

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির সভায় নেতৃবৃন্দ এ মত ব্যক্ত করেন। এতে সভাপতিত্ব করেন কমিটির অন্যতম আহ্বায়ক শেখ আমানুল্লাহ।

সভায় ধর্মঘটী শিক্ষক নেতৃবৃন্দ বলেন, লিয়াজোঁ কমিটি কখনো শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবি করেনি। কাজেই চাকরি জাতীয়করণের জন্য ১৫শ' হতে ২ হাজার কোটি টাকা প্রয়োজন; এ বিষয়টির সাথে লিয়াজোঁ কমিটি সম্পর্কিত নয়।

সভায় বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন বাবদ সরকারী অংশ পবিত্র ঈদুল আজহা উপলক্ষে আগামী ১৯শে মে'র মধ্যে প্রদানের জন্য সরকারের প্রতি জোর দাবি করা হয়। মেহেরপুরের জনৈক ম্যাজিস্ট্রেট কর্তৃক মেহেরপুর উচ্চ বিদ্যালয়ের পিওনকে অন্যায়ভাবে মারপিট করায় সভায় অবিলম্বে ওই ম্যাজিস্ট্রেটের অপসারণ দাবি করা হয়।

গতকালের লিয়াজোঁ কমিটির সভায় বক্তব্য রাখেন কামরুজ্জামান, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, অধ্যাপক আবদুর রব মিয়া, অধ্যাপিকা এ এন রাশেদা, অধ্যাপিকা হুসনে আরা প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।